গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০৪৯.২৫.০০৬৫.২৬.৭৬৫

তারিখ: ২২ ভাদ্র ১৪৩৩ / ২৭ আগস্ট ২০২৬

বিষয়: বিভাগীয় সমাজসেবা কার্যালয়সমূহের আওতায়ধীন উপজেলা ও শহর সমাজসেবা কার্যালয়ের কর্মকর্তাদের 'MIS ও Payroll ব্যবস্থাপনা' শীর্ষক প্রশিক্ষণ কোর্স আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন সামাজিক নিরাপত্তা কার্যক্রম স্বচ্ছ, জবাবদিহিমূলক ও গতিশীল করার লক্ষ্যে তথ্যপ্রযুক্তিভিত্তিক MIS (Management Information System) এবং Payroll (পে-রোল) ব্যবস্থাপনা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ লক্ষ্যে বিভাগীয় সমাজসেবা কার্যালয়সমূহের আওতাধীন উপজেলা ও শহর সমাজসেবা কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির জন্য 'MIS ও Payroll ব্যবস্থাপনা' শীর্ষক বিশেষ প্রশিক্ষণ কোর্স আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

২। আপনার বিভাগে বিভিন্ন উপজেলা ও শহর সমাজসেবা কার্যালয়ের সম্প্রতি বদলীকৃত কর্মকর্তাগণের মধ্যে যাদের MIS ও Payroll ব্যবস্থাপনা বিষয়ে অভিজ্ঞাতা কম রয়েছে তাদেরকে এ প্রশিক্ষণ প্রদান করতে হবে।

৩। ইতোমধ্যে আপনার বিভাগ হতে যে সকল কর্মকর্তা MIS ও Payroll ব্যবস্থাপনা সংক্রান্ত TOT প্রশিক্ষণ গ্রহণ করেছেন এবং সমাজসেবা অধিদপ্তর হতে এ বিষয়ে দক্ষ কর্মকর্তাদের সমন্বয়ে প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

এমতাবস্থায়, আপনার আওতাধীন উপজেলা ও শহর সমাজসেবা কার্যালয়ে কর্মরত সংশ্লিষ্ট কর্মকর্তাদের অংশগ্রহণে দ্রুত সময়ে ০২ (দুই) দিনব্যাপি প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, আপনার কার্যালয়ে প্রশিক্ষণ সংক্রান্ত অর্থনৈতিক কোডে বরাদ্দকৃত অর্থ হতে এ ব্যয় মেটাতে হবে।

Mahbub
২৭/৮/২৬

(শাহ মোহাম্মদ মাহবুব)
মহাপরিচালক
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা
☎০২-৫৫০০৭০২৪
ইমেইল: dg@dss.gov.bd

পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১. পরিচালক (প্রশাসন ও অর্থ/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা/কার্যক্রম/পরিকল্পনা ও উন্নয়ন/শিশু সুরক্ষা), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
২. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সংশ্লিষ্ট সকল)।
৩. উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট সকল)।
৪. উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয় (সংশ্লিষ্ট সকল)।
৫. সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয় (সংশ্লিষ্ট সকল)।